পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বান্দরবা পার্বত্য জেলা পরিষদ

# বান্দরবান বাজার ফান্ড সংস্থা

বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং- ১২২ (৮) -বি,

তারিখ : ২৮/০৩/২০২৫ খ্রিঃ।

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

বান্দরবান পার্বত্য জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বান্দরবান বাজার ফান্ড সংস্থার নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিক তথা বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম ও বেতন স্কেল (জা:বে: স্কেল-২০১৫ অনুযায়ী) | শূণ্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|---|
| ০১ | পরিদর্শক<br>গ্রেড ঃ ১৪ (১০২০০-২৪৬৮০) | ০২ | এইচ.এস.সি পাশ ও সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে সার্ভে ডিপ্লোমা পাশ। | ১৮- ৩২ বছর মধ্যে হতে হবে। |
| ০২ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড ঃ ১৬ (৯৩০০-২২৪৯০) | ০১ | এইচ.এস.সি বা সমমান। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং কাজে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতি থাকতে হবে। | -ঐ- |
| ০৩ | চেইনম্যান<br>গ্রেড ঃ ১৯ (৮৫০০-২০৫৭০) | ০১ | এস.এস.সি বা সমমান। ভূমি পরিমাপ কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | -ঐ- |
| ০৪ | নৈশ প্রহরী<br>গ্রেড ঃ ২০ (৮২৫০-২০০১০) | ০১ | অষ্টমশ্রেণী পাশ। | -ঐ- |
| ০৫ | অফিস সহায়ক<br>গ্রেড ঃ ২০ (৮২৫০-২০০১০) | ০১ | অষ্টমশ্রেণী পাশ। | -ঐ- |

**শর্তাবলীঃ-**

০১) বাজার ফান্ড প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা বরাবর সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন আগামী ২৭/০৪/২০২৫খ্রিঃ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে বান্দরবান **বাজার ফান্ড প্রশাসকের** কার্যালয়ে পৌছাঁতে হবে। উক্ত সময়ের পরে সরাসরি, ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদন পত্র কোনক্রমে গ্রহণ করা হবে না।

০২) শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

০৩) অসম্পূর্ণ, ঘষামাজা ও ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক বিষয়ে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা এবং অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

০৫) সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে। অগ্রীম কপি গ্রহণযোগ্য নহে।

চলমান-০২

০৬) আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) আবেদনকারীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা, (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) অভিজ্ঞতা (যদি থাকে), (জ) জন্ম তারিখ, (ঝ) বয়স (২৭/০৪/২০২৫ তারিখে), (ঞ) জেন্ডার, (ট) ধর্ম, (ঠ) জাতীয়তা, (ড) বৈবাহিক অবস্থা, (ঢ) মোবাইল নম্বর, (ণ) জাতীয় পরিচয়পত্র নং, (ত) জন্ম নিবন্ধন নং,(থ) ই-মেইল ঠিকানা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

০৭) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে। যথাঃ

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র, (গ) ১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্প্রতি প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূল কপি), (ঘ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঙ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (চ) কোটা প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত মুক্তিযোদ্ধা/পোষ্য/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/এতিম ও প্রতিবন্ধী সনদপত্র, (ছ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণ স্বরূপ বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র, (জ) জাতীয় পরিচয়পত্র এবং (ঝ) জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি। ছবিসহ সকল সনদপত্র অবশ্যই ১ম শ্রেণী গ্রেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।(সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে)।

০৮) আবেদনপত্রের সাথে **"বাজার ফান্ড প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা"** এর অনুকূলে যে কোন তপসিলী ব্যাংক হতে ক্রমিক ১ ও ২নং পদের জন্য ১০০/-(একশত) টাকা এবং ৩,৪,৫নং পদগুলির ক্ষেত্রে ৫০/-(পঞ্চাশ) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

০৯) আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলিয়া বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১০) ভূঁয়া তথ্য কিংবা সনদপত্র এবং ছবি ও সনদ সত্যায়নের ক্ষেত্রে কোন প্রকার জালিয়াতি করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১১) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/৩/২৫

( অধ্যাপক থানজামা লুসাই )
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
বাজার ফান্ড প্রশাসক
বান্দরবান বাজার ফান্ড সংস্থা
বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং- ১১২ (৮) -বি,

তারিখ : ২৬/০৩/২০২৫ খ্রিঃ।

**অনুলিপি : সদয় অবগতির জন্য -**

০১। জেলা প্রশাসক, বান্দরবান
০২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৩। জনাব রাজুময় তঞ্চঙ্গ্যা/জনাবা ম্যা ম্যা নু/এ্যাডভোকেট উবাথোয়াই মার্মা/জনাব উমং সিং মারমা বিপ্লব/জনাব খামলাই ম্রো/জনাব মং এ চিং চাক/ডা. সানাই প্রু ত্রিপুরা/জনাব লাল জারলম বম/জনাব নাংফ্রা খুমী/জনাব সাইফুল ইসলাম/জনাব মো: নাছির উদ্দিন/এ্যাডভোকেট মুহাম্মদ আবুল কালাম/এ্যাডভোকেট মাধবী মার্মা/জনাবা খুরশিদা ইসহাক, সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা
০৪। প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৫। জনসংযোগ কর্মকর্তা/সি এ টু চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৬। হিসাব রক্ষক, বান্দরবান বাজার ফান্ড সংস্থা
০৭। সম্পাদক দৈনিক ..........................................
০৮। অফিস কপি।

২৬/৩/২৫

(মুহা: আবুল মনসুর)
ভারপ্রাপ্ত কর্মকর্তা
বান্দরবান বাজার ফান্ড সংস্থা
বান্দরবান পার্বত্য জেলা।

২৬/৩/২৫